দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 MAR 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ৩.....

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ॥ ১টি আসনের জন্য ১৯ জন

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি পরীক্ষার ফরম বিক্রিতে রেকর্ড সৃষ্টি হইয়াছে। গত ১৮ই মার্চ ফরম বিতরণ ও জমা দেওয়ার সময় শেষ হইয়াছে। ১৫ই ফেব্রুয়ারী হইতে ফরম বিতরণ শুরু হয়। এইবার [illegible]২০টি আসনের জন্য ১৪,৩২০টি ফরম বিক্রয় হইয়াছে। তন্মধ্যে জমা পড়িয়াছে ১৪,২৬৮টি। অর্থাৎ

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

প্রতিটি আসনের জন্যে ১৯ জন শিক্ষার্থীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হইতেছে। উল্লেখ্য, এই অনুপাত ঢাকা বিশ্ববিদ্যালয়কেও ছাড়াইয়া গিয়াছে। আগামী ২৩ এপ্রিল হইতে ২৭ এপ্রিল পর্যন্ত যথাক্রমে ক, খ, গ, ঘ এবং ঙ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। উল্লেখ্য, ছাত্র-সংঘর্ষে রাজশাহী, চট্টগ্রাম ও কৃষি বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন বন্ধ থাকায় এই বছর ইসলামী বিশ্ববিদ্যালয়ে রেকর্ড সংখ্যক আবেদন পত্র ( ১৪,২৬৮টি ) জমা পড়িয়াছে বলিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ধারণা।